



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/শের/২০১৯/১৪৯২

তারিখঃ ৩১/০৭/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্রঃ ম্যানেজিং কমিটির অধিকাংশ অভিভাবক সদস্য ও শিক্ষক সদস্য কর্তৃক স্বাক্ষরিত একখানা অনাছা পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন “সন্ন্যাসীভিটা উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে কমিটির অধিকাংশ অভিভাবক সদস্য ও শিক্ষক সদস্যগণ নিম্নরূপ অভিযোগ আনেনঃ

(i) ম্যানেজিং কমিটির সভাপতি জনাব শাহজাহান বাদশা কমিটির অনুমোদন ব্যতীত এবং জেলা শিক্ষা অফিসারের অনুমোদন ছাড়া উদ্দেশ্য প্রণোদিতভাবে প্রধান শিক্ষক, সহকারি প্রধান শিক্ষক এবং করণিক কাম কম্পিউটার অপারেটর পদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করে বিদ্যালয়ের অর্থ অপচয় করেছেন।

(ii) তিনি বিদ্যালয়ে এসে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের সাথে প্রায়ই অশালীন আচরণ করেন এবং কমিটির মিটিং এ তার একক সিদ্ধান্তের বাইরে কোন সদস্য কথা বললে তাকে লাঞ্ছিত করেন।

এমতাবস্থায়, সূত্রোক্ত অনাছা প্রস্তাব যাচাইপূর্বক তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।।

সংযুক্তঃ ০২(দুই) ফর্দ (অনাছা প্রস্তাব)

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
নালিতাবাড়ী, শেরপুর।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ


ড. মোঃ দিদারুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ১৪৯২(৪)

তারিখঃ ৩১/০৭/২০১৯ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

- ১। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
- ২। সভাপতি, ম্যানেজিং কমিটি, “সন্ন্যাসীভিটা উচ্চ বিদ্যালয়”, নালিতাবাড়ী, শেরপুর।
- ৩। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), “সন্ন্যাসীভিটা উচ্চ বিদ্যালয়”, নালিতাবাড়ী, শেরপুর।
- ৪। অফিস কপি।


31.07.19
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।